দৈনিক ইনকিলাব

তারিখ 23 SEP 1992
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৩ ...

/2

## শিক্ষাঙ্গনে

### মাদ্রাসা শিক্ষা ব্যবস্থায় বৈষম্য কেন?

সাধারণ শিক্ষাঙ্গনগুলোর চেয়ে মাদ্রাসাগুলোতে সন্ত্রাস-হানাহানি-ধর্মঘট না থাকলেও স্বাধীনতার এত বছর পরও মাদ্রাসা শিক্ষাকে বাঁকা চোখে দেখা হচ্ছে। যেখানে ৪৫,৭০৭টি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে, ৩৭,৬৩৪টি সরকারী বিদ্যালয় রয়েছে, সেখানে ১৫,৭৪৮টি এবতেদায়ী মাদ্রাসার মধ্যে কোন সরকারী মাদ্রাসা নেই।

অন্যদিকে, ১৩৩০টি মাধ্যমিক বিদ্যালয় সরকারী, ৪টি ইন্টারমিডিয়েট সরকারী কলেজ, ১৯০টি ডিগ্রী সরকারী কলেজের মধ্যে কেন দাখিল, আলিম, ফাজিল মাদ্রাসা ১টিও সরকারী নেই? শুধুমাত্র ঢাকা, সিলেট এবং বগুড়ায় মোট ৩টি আলীয়া মাদ্রাসা সরকারী। এছাড়া সাধারণ শিক্ষার ৫৩টি প্রাইমারী ট্রেনিং ইনস্টিটিউট, ১০টি টিচার্স ট্রেনিং কলেজ থাকলেও মাদ্রাসা শিক্ষায় তা নেই। কেন এই বৈষম্য নির্বিঘ্নে ক্লাস পরীক্ষা চলার পরও?

এ ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের আশু হস্তক্ষেপ কামনা করছি যাতে করে জাতি হয়ে উঠে উন্নত, নৈতিক চরিত্রের অধিকারী।

—নয়ন মজুমদার।